
# হাদি আমাদের মাথা নত না করার শক্তি দিয়ে গেছেন: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, শরীফ ওসমান হাদি আমাদের শিখিয়ে গেছেন মাথা নত না করে উঁচু হয়ে দাঁড়াতে। তাঁর জীবন ও কণ্ঠস্বর ছিল সাহস, দৃঢ়তা ও নির্ভীকতার প্রতীক। এই আদর্শ আমাদের অন্তরে গেঁথে থাকবে।

শনিবার (২০ ডিসেম্বর) হাদির জানাজার আগে দেওয়া বক্তব্যে তিনি বলেন, লক্ষ মানুষের উপস্থিতি প্রমাণ করে হাদি শুধু একজন ব্যক্তি নন, তিনি মানুষের বুকের ভেতর বেঁচে থাকবেন। আমরা তাঁকে বিদায় জানাতে নয়, তাঁর দেখানো পথ অনুসরণ করার অঙ্গীকার করতেই এসেছি।

তিনি আরও বলেন, যতদিন বাংলাদেশ থাকবে, ততদিন মানুষের হৃদয়ে থাকবেন শরীফ ওসমান হাদি।

এদিকে জানাজা শেষে ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের শাহবাগে জড়ো হওয়ার আহ্বান জানান। তিনি অভিযোগ করেন, এক সপ্তাহ পেরিয়ে গেলেও হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করা হয়নি এবং দ্রুত সরকারের পদক্ষেপ সম্পর্কে জনসমক্ষে ব্যাখ্যার দাবি জানান।

উল্লেখ্য, গত ১২ ডিসেম্বর গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন ওসমান হাদি। চিকিৎসাধীন অবস্থায় সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে গত বৃহস্পতিবার রাতে তিনি মারা যান। তাঁর মৃত্যুতে সরকার শনিবার এক দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করে।